



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/6/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল স্টেটব্যাপী জরুরি যোগাযোগ এবং ইন্টারঅপারেবিলিটি অবকাঠামো জোরদার করতে 62.4 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করার ঘোষণা করলেন

বার্ষিক তহবিল জরুরি সাড়াদানকারীদের মধ্যকার তারহীন ইন্টারঅপারেবিলিটি জোরদার করতে কাউন্টি প্রচেষ্টাসমূহকে সমর্থন করবে

আবেদনের সময়কাল এখন চলছে [DHSES ওয়েবসাইটে](#), যা 11 মে, 2022 পর্যন্ত চলবে

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্থানীয় প্রথম সাড়াদানকারীদের ব্যবহৃত জরুরি যোগাযোগ এবং ইন্টারঅপারেবিলিটি অবকাঠামো জোরদার করার কাউন্টি পর্যায়ের প্রচেষ্টার সমর্থনে 62.4 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে। 2022 স্টেটব্যাপী ইন্টারঅপারেবল যোগাযোগ অভীষ্ট অনুদান কর্মসূচির (2022 Statewide Interoperable Communications Targeted Grant Program, SICG) মাধ্যমে, কাউন্টিসমূহ ও নিউ ইয়র্ক সিটি স্বতন্ত্রভাবে অবকাঠামো উন্নয়ন, যোগাযোগ ঘাটতি পূরণ, জাতীয় ইন্টারঅপারেবিলিটি চ্যানেল বাস্তবায়ন, এবং কাউন্টি ও সিস্টেমসমূহের মধ্যকার আঞ্চলিক সংযোগ উন্নত করার জন্য তহবিল আবেদন করতে পারবে। ইন্টারঅপারেবিলিটি প্রথম সাড়াদানকারীদের একটি জরুরি পরিস্থিতিতে বাস্তব সময়ে নিরবচ্ছিন্নভাবে তথ্য ও ডেটা আদানপ্রদানের সক্ষমতা প্রদান করে।

"যখন আমাদের দমকল, পুলিশ, জরুরি মেডিকেল টেকনিশিয়ান (Emergency Medical Technician, EMT), প্যারামেডিকগণ একটি সঙ্কটে সাড়াদান করে, তখন তাদের একটি এমন যোগাযোগ অবকাঠামো প্রয়োজন যা তাদেরকে কার্যকর ও দক্ষভাবে যোগাযোগ ও সমন্বয় করতে দিবে," **গভর্নর হোকল বলেন।** "তহবিলটি আমাদের জননিরাপত্তা যোগাযোগ ব্যবস্থা আধুনিকায়নের পূর্বের চেষ্টাসমূহের অনুবর্তী, এবং এটি পুরো স্টেটে কার্যকর জরুরি যোগাযোগ সক্ষমতা এবং অবকাঠামো জোরদার করবে।"

2022 SICG অভীষ্ট কর্মসূচিটি একটি প্রতিযোগিতাহীন অনুদান কর্মসূচি যা তৈরি করা হয়েছে নিউ ইয়র্কের জননিরাপত্তা এজেন্সিসমূহের ল্যান্ড মোবাইল রেডিও ইন্টারঅপারেবিলিটির দশা উন্নত করার জন্য। তহবিল উপযুক্ত আবেদনকারী (কাউন্টি) যাদের জাতীয় ইন্টারঅপারেবিলিটি চ্যানেলে অপরিাপ্ত কভারেজ বা অপরিাপ্ত অবকাঠামো রয়েছে তাদের মধ্যে বিতরণ করা হবে। প্রত্যেক প্রাপকের জন্য সর্বোচ্চ উপলভ্য অর্থ হবে 6 মিলিয়ন মার্কিন ডলার, এবং প্রতি কাউন্টিতে কেবল একজন প্রাপককে নির্বাচন করা হবে। স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং

ইমারজেন্সি সার্ভিসেস ডিভিশন (Division of Homeland Security and Emergency Services, DHSES) আবেদন পর্যালোচনা করবে এবং অনুরোধমত আবেদনকারীদের কারিগরি সহায়তা প্রদান করবে।

তহবিলের জন্য আবেদন করতে, আবেদনকারীদের ডিভিশনের SICG [পেজ](#) ভিজিট করতে হবে। এই বছরের আবেদনের শেষ সময় 11 মে, 2022

স্টেটের হোমল্যান্ড সিকিউরিটি এবং ইমারজেন্সি সার্ভিসেস কমিশনার জ্যাকি ব্রে বলেন, "কোনও জরুরি অবস্থা দেখা দিলে আমাদের প্রথম সাড়াদানকারীদের যোগাযোগ করার ক্ষমতা থাকতে হবে। এইসব অনুদানের এবং ডিভিশন ও কাউন্টিসমূহের মধ্যকার অংশীদারিত্বের মাধ্যমে সুপ্রাচীন যোগাযোগ অবকাঠামো হালনাগাদকরণ কোনও ঘটনার সময় যোগাযোগের জন্য পরিষ্কার লাইন নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ। আমরা হালনাগাদকরণের সর্বাধিক প্রয়োজন আছে, আমাদের এমন স্থানীয় অংশীদারদের এই তহবিল সুযোগ প্রদান করতে পেরে আনন্দিত।"

নিউ ইয়র্ক স্টেটের কাউন্টি অ্যাসোসিয়েশনের (New York State Association of Counties) নির্বাহী পরিচালক স্টিফেন জে অ্যাকোইয়ারিও বলেন, "গভর্নর হোকল কর্তৃক এই তহবিল মুক্ত করা কাউন্টিগুলির জন্য একটি বড় অগ্রগামী পদক্ষেপ এবং এটি এমন একটি সময়ে আসলো যখন জননিরাপত্তা এবং জরুরি ব্যবস্থাপনা সিস্টেমের জরুরিভাবে হালনাগাদকরণ প্রয়োজন। স্থানীয় 9-1-1 ডিসপ্যাচ কেন্দ্রগুলি জীবনরক্ষাকারী কিন্তু ব্যয়বহুল অবকাঠামো উন্নয়নের অর্থায়নে সাহায্য করার জন্য এইসব অনুদানের উপর নির্ভর করে, যার মধ্যে আছে প্রথম সাড়াদানকারীদের জন্য নতুন মোবাইল রেডিও, ডিসপ্যাচিং সেবার মান উন্নত করতে অতিরিক্ত টাওয়ার, এবং আমাদের ইন্টারঅপারেবল যোগাযোগ কেন্দ্র আরো শক্তিশালী করতে নতুন প্রযুক্তি সংযোজন। আরো সময়মত এইসব তহবিল মুক্ত করার প্রক্রিয়া উন্নত করার জন্য গভর্নর হোকল প্রশংসার যোগ্য, এটি স্থানীয় সরকারসমূহকে জরুরি পরিকল্পনা এবং সাড়াদান উন্নত করতে দেয় এবং নিউ ইয়র্কবাসীদের নিরাপদ রাখে।"

হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমারজেন্সি সার্ভিসেস ডিভিশন সম্পর্কে

[ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি এবং এমার্জেন্সি সার্ভিসেস](#) বিপর্যয় এবং অন্যান্য জরুরী পরিস্থিতি প্রতিরোধ করতে, সেগুলির বিরুদ্ধে সুরক্ষা প্রদান করতে, প্রস্তুতি নিতে, প্রতিক্রিয়া জানাতে, পুনরুদ্ধার এবং প্রশমনের জন্য নেতৃত্ব, সমন্বয় এবং সহায়তা প্রদান করে। আরও তথ্যের জন্য, DHSES খুঁজুন [ফেসবুকে](#), [টুইটারে](#) অথবা dhses.ny.gov-এ দেখুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)